আমরা কোথায় আছি

আপনার কাছের একটি আর্থিক ক্ষমতায়ন কেন্দ্রে (Financial Empowerment Center) অ্যাপয়েন্টমেন্ট নেওয়ার জন্য **311** নম্বরে ফোন করুন।

আরও তথ্যের জন্য দেখুন, **nyc.gov** ওয়েবসাইটটি এবং তাতে "Financial Empowerment Centers" খুঁজুন।

Financial Empowerment Center

Free One-on-One Financial Counseling

আর্থিক ক্ষমতায়ন কেন্দ্রগুলি পরিচালনা করা হয় নিউইয়র্ক শহরের আর্থিক ক্ষমতায়ন অফিসের গ্রাহক সুরক্ষা বিভাগ এবং বেডফোর্ড স্টুইভেস্যান্ট রেস্টোরেশন কর্পোরেশন, ইস্ট রিভার ডেভলপমেন্ট অ্যালায়েন্স, দ্য ফিলান্সিয়াল ক্লিনিক, নেইবারহুড ট্রাস্ট ফিলান্সিয়াল পার্টনার্স, এবং ফিয়ার্স কম্যুনিটি ডেভলপমেন্ট কর্পোরেশনের মধ্যে অংশীদারিত্বের মাধ্যমে।

NYC
Bill de Blasio
Mayor

Department of Consumer Affairs
Office of Financial Empowerment

Julie Menin
Commissioner

Printed on 30% post consumer recycled paper

যে সব নিউইয়র্কবাসীদের আমরা সাহায্য করেছি

"আমি টেলিভিশনে 'ঋণ থেকে বেরিয়ে আসার' একটি বিজ্ঞাপন দেখেছি। আমি ঐ কোম্পানিকে $6,000-এরও বেশি টাকা দিয়েছি কিন্তু তারা কোন কাজই করেননি। এবং যেহেতু তারা আমাকে মানা করেছিলেন আমার ঋণদাতাকে টাকা না দিতে, তারা আমার বিরুদ্ধে মামলা দায়ের করেছে। আমি একটি বিনামূল্যের আর্থিক ক্ষমতায়ন কেন্দ্রে গেছি। ওখানে আমাকে বলা হয়েছে যে, আমার সঙ্গে প্রতারণা করা হয়েছে এবং সেই ক্ষমতায়ণ কেন্দ্র আমাকে সাহায্য করবে। সমস্ত নিউইয়র্কবাসীর এটা জানা উচিত যে, এখানে ঋণগ্রস্তদের বিনামূল্যে সাহায্য প্রদান করা হয়।" —জোসেফ, ব্রুকলিন

আপনি কি এমন কোনো কোম্পানির অফার দেখেছেন যে তারা আপনার ঋণ "ঠিক" করে দিতে পারবে? আমরা সাহায্য করতে পারি।

যে সব নিউইয়র্কবাসীদের আমরা সাহায্য করেছি

"চেক ভাঙিয়ে আনার জন্য আমি বছরে $1,200-এরও বেশি খরচ করেছি। এখন আমার একটি শুল্কবিহীন ও সরাসরি জমা (ডাইরেক্ট ডিপোজিট) করার সুবিধা সহ নিরাপদ ব্যাংক অ্যাকাউন্ট আছে। আমি সবাইকে এটা বলি যে, তারা যেন একটি ব্যাংক অ্যাকাউন্ট খোলেন এবং আমার মত অযথা টাকা খরচ করা যেন তারা যেন বন্ধ করেন।" —মার্সেডিস, ব্রংক্স

আপনি কি একটি ব্যাংক অ্যাকাউন্ট খুলতে চান?
আমরা সাহায্য করতে পারি।

আপনি কি আপনার আর্থিক পরিস্থিতির ওপর নিয়ন্ত্রণ আনতে চান?
আমরা সাহায্য করতে পারি।

Financial Empowerment Center

Free One-on-One Financial Counseling

Bengali

নিউ ইয়র্ক শহর আর্থিক ক্ষমতায়ন পরামর্শদাতার সঙ্গে মুখোমুখি দেখা করুন, যিনি আপনাকে সাহায্য করতে পারবেন নিম্নলিখিত বিষয়গুলিতেঃ

- আপনার ঋণের ওপর নিয়ন্ত্রণ আনতে
- ঋণ আদায়কারীদের সঙ্গে কথা বলতে
- আপনার ক্রেডিটের উন্নতিসাধন করতে
- একটি বাজেট তৈরী করতে
- একটি ব্যাংক অ্যাকাউন্ট খুলতে
- এমার্জেন্সি ফান্ড (জরুরীকালীন অর্থ) রাখা আরম্ভ করতে
- আপনার ভবিষ্যতের জন্য জমা করা এবং পরিকল্পনা করে চলার ক্ষেত্রে
- এবং আরও অনেক কিছুতে

আর্থিক পরামর্শ দেওয়া হয় বিনামূল্যে এবং গোপনীয়ভাবে।

আমাদের পেশাদার পরামর্শদাতারা অনেকগুলি ভাষায় কথা বলতে পারেন।

যে সব নিউইয়র্কবাসীদের আমরা সাহায্য করেছি

“আমি আমার ক্রেডিট রিপোর্ট দেখেছি, এবং কিছু বিষয় এমন ছিল যা আমি বুঝতে পারিনি। আমি একটি আর্থিক ক্ষমতায়ন কেন্দ্রে গিয়েছিলাম এবং ওখানের পরিবেশ আমার খুবই ভালো লেগেছে। আমার পরিস্থিতির উন্নতি করার জন্য কী প্রয়োজন এটা বুঝতে তারা আমাকে সাহায্য করেছে। আমার মনে হয় যে, নিউ ইয়র্ক শহরে প্রত্যেকেই সফল হতে পারবেন। এটা আমার দৃঢ় বিশ্বাস।” —ড্যাভিয়োন, ম্যানহ্যাটন



আপনি কি আপনার ক্রেডিট রিপোর্ট বা স্কোর বুঝতে চান?
আমরা সাহায্য করতে পারি।

2008 সালে প্রথম আর্থিক ক্ষমতায়ন কেন্দ্রটি খোলার পর থেকে, আমরা কয়েক হাজার নিউ ইয়র্ক বাসীদের তাদের ঋণ কয়েক মিলিয়ন ডলার কম করা এবং তাদের আর্থিক অবস্থা নিয়ন্ত্রণ করার ক্ষেত্রে সাহায্য করতে পেরেছি।

আমরা আপনাকেও সাহায্য করতে পারি।

আপনার কাছের একটি আর্থিক ক্ষমতায়ন কেন্দ্রে অ্যাপয়েন্টমেন্ট নেওয়ার জন্য **311** নম্বরে ফোন করুন।

“শহরের আর্থিক ক্ষমতায়ন কেন্দ্রগুলিতে সবাইকে স্বাগত জানাই। এটা কোন ব্যাপারই নয় যে আপনি কতটা আয় করেন বা আপনি কতটা ঋণগ্রস্ত আছেন। পরিস্থিতি কি পর্যায়ে আছে তা বুঝতে পারার জন্য এবং এগিয়ে যাওয়ার ক্ষেত্রে একটি পরিকল্পনা করে যাতে আপনাকে সাহায্য করা যায় সেই উদ্দেশ্যে আমরা আপনার ক্রেডিট রিপোর্ট সহ সম্পূর্ণ আর্থিক ছবিটি ভালো করে পরীক্ষা করে দেখি। অনেক লোকজন অসহায় অবস্থায় আমাদের কাছে আসেন। আমরা তাদেরকে যে সাহায্যের আশ্বাস দিতে পারি, সেটিই আমি খুবই ভালোবাসি। মানুষের জীবনে সত্যিকারের সাহায্য করতে পারাটা ভালো লাগারই বিষয়।”
—মিশেল, এনওয়াইসি (*NYC*) আর্থিক ক্ষমতায়ন পরামর্শদাতা

আপনি কি আপনার আর্থিক পরিস্থিতির ওপর নিয়ন্ত্রণ আনতে চান?
আমি সাহায্য করতে পারি।